# হাদীস সম্ভার

## হাদিস নাম্বারঃ ১০৬৯

৮/ সিয়াম

পরিচ্ছেদঃ সূর্যাস্তের সাথে সাথে দেরী না করে ইফতার করার ফযীলত, কোন খাদ্য দ্বারা ইফতার করবে ও তার পরের দু‘আ

### আরবী

وَعَنْ أَنَسٍ أَنَّ النَّبيَّ ﷺ جاءَ إِلَى سَعْدِ بن عُبَادَةَ فَجاءَ بِخُبْزٍ وَزَيْتٍ فَأَكَل ثُمَّ قَالَ النَّبِيُّ ﷺ أَفْطَرَ عِنْدَكُمُ الصَّائِمُونَ وَأَكَل طَعَامكُمُ الأَبْرَارُ وَصلَّتْ عَلَيْكُمُ المَلاَئِكَةُ رواه أَبُو داود بإسناد صحيح

### বাংলা

(১০৬৯) আনাস (রাঃ) হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সা'দ ইবনে উবাদাহ (রাঃ) এর নিকট উপস্থিত হলেন। তিনি রুটি ও (যায়তুনের) তেল রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সম্মুখে পেশ করলেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তা ভক্ষণ করে এই দু'আ পড়লেন,

উচ্চারণ আফত্বারা ইন্‌দাকুমুস স্বা-য়িমূন, অআকালা ত্বাআমাকুমুল আবরার, অস্বাল্লাত আলাইকুমুল মালাইকাহ।

অর্থাৎ, সিয়াম পালনকারীগণ তোমাদের নিকট ইফতার করল। সৎব্যক্তিগণ তোমাদের খাবার ভক্ষণ করল এবং ফিরিশতাগণ তোমাদের (ক্ষমার) জন্য দু'আ করলেন।

### ফুটনোট

(আবূ দাঊদ ৩৮৫৬, বিশুদ্ধে সূত্রে)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)
Link — https://www.hadithbd.com/hadith/link/?id=64817

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন